গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
মবিঅ-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং- ৩২.০০.০০০০.০২৮.১৮.০৩৩.০১.১৪- ১৩১ তারিখঃ ৩১/০৫/২০১৮

প্রজ্ঞাপন

যেহেতু, কুষ্টিয়া জেলার জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বেগম হাসিনা বেগম এর বিরুদ্ধে তৎকালীন নারী পূনর্বাসন ও কল্যান ফাউন্ডেশন, কুষ্টিয়ার অনুকুলে জরুরী সম্পত্তি হুকুমদখল আইন, ১৯৪৮ এর আওতায় ৩/৭৮-৭৯ নং এল,এ কেসের মাধ্যমে উক্ত জেলার চৌড়হাস মৌজায় অধিগ্রহণকৃত ১ একর জমির সম্পূর্ণ অংশ দখলে রাখতে ব্যর্থ হওয়ার অভিযোগে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল)বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(ডি) মোতাবেক অসদাচরণ (Misconduct) ও দূর্নীতিপরায়ণতার (corruption) অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে গত ২৮/১১/২০১৬ তারিখে কৈফিয়ত তলব করা হয়। বেগম হাসিনা বেগম ২৭/১২/২০১৬ তারিখে অভিযোগের জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানীর আবেদন করেন। গত ১৬/০২/২০১৭ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়।

যেহেতু, অধিগ্রহনকৃত উক্ত ১ একর জমি ফেরত চেয়ে মালিকপক্ষ কুষ্টিয়ার বিজ্ঞ সহকারী জজ আদালতে দেওয়ানী মোকদ্দমা নং-৩৭৪/০৬ দায়ের করেন। মোকদ্দমাটি ADR (Alternate Dispute Resolution) মূলে নিষ্পত্তির জন্য বিগত ২/১১/২০২১ তারিখ দিন ধার্য ছিল। উক্ত ADR এর সোলেনামায় মহিলা বিষয়ক অধিদপ্তরের স্থাপনা নির্মানের জন্য ০.৩৩ একর জায়গা রেখে অবশিষ্ট ০.৬৭ একর জায়গা জমির পূর্বের মালিকগনকে ফেরত দেয়া হলে সরকারের কোন আপত্তি থাকবে না মর্মে উল্লেখ ছিল;

যেহেতু,ধার্য তারিখে বেগম হাসিনা বেগম ছুটিতে থাকায় তাঁর নির্দেশে প্রোগ্রাম অফিসার বেগম মর্জিনা খাতুন আদালতে হাজিরা দেন। মর্জিনা খাতুন এর বিরুদ্ধে আনীত বিভাগীয় মামলা নং-১৭৬/১৫ এ মর্জিনা খাতুন এর জবানবন্দী থেকে প্রতীয়মান হয় যে, বেগম হাসিনা বেগম এর সাথে আলোচনা না করে ADR এর সোলেনামায় স্বাক্ষর করেন যেটি তাঁর ভুল ছিল; তাঁর স্বাক্ষরের কারণে মাননীয় আদালত মোকদ্দমাটি ADR মূলে আপোষ সূত্রে নিষ্পত্তি পূর্বক বাদীর অনুকুলে ডিক্রী জারী করেন; এর ফলে সরকারের প্রায় ১৩,৪০,০০০০০/- (তের কোটি চল্লিশ লক্ষ) টাকার সম্পত্তি বেহাত হয়ে যায়;

যেহেতু, বেগম হাসিনা বেগম ADR এর সোলেনামায় স্বাক্ষর করার জন্য প্রোগ্রাম অফিসার বেগম মর্জিনা খাতুনকে কোনরূপ নির্দেশ প্রদান করেননি এবং বাদীর অনুকুলে প্রদত্ত ডিক্রী বাতিলের জন্য তিনি বিজ্ঞ সিনিয়র সহকারী জজ আদালত, কুষ্টিয়ায় দেওয়ানী মোকদ্দমা নং- ৪৬১/২০১৫ দায়ের করেন। বর্তমানে মোকদ্দমাটি বিজ্ঞ যুগ্ম জেলা জজ, ২য় আদালত, কুষ্টিয়ায় বিচারাধীন আছে।

যেহেতু, বিভাগীয় মামলায় দাখিলকৃত লিখিত জবাব, ব্যক্তিগত শুনানী এবং আনুষংগিক কাগজপত্র পর্যালোচনা করে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগের সত্যতা পাওয়া যায়নি; এক্ষনে, তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ থেকে তাঁকে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, মহিলা বিষয়ক অধিদপ্তরের কুষ্টিয়া জেলার জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বেগম হাসিনা বেগম এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩ (ডি) মোতাবেক আনীত অসদাচরণ (Misconduct) ও দূর্নীতিপরায়নতার (Corruption) অভিযোগ থেকে তাঁকে অব্যাহতি প্রদান করা হলো।

৩১-৫-১৮

(নাছিমা বেগম এন,ডি,সি)
সচিব

নং-৩২.০০.০০০০.০২৮.১৮.০৩৩.০১.১৪-১৩১ তারিখঃ ৩১/০৫/২০১৮

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।

২। সচিব মহোদয়ের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, কুষ্টিয়া।

৪। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, জেলা হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয়, কুষ্টিয়া।

৫। বেগম হাসিনা বেগম, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, কুষ্টিয়া।

৬। প্রোগ্রামার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধস)।

৩১/০৫/২০১৮

(মোঃ মুখলেছুর রহমান খান)
সিনিয়র সহকারী সচিব (মবিঅ-১)
ফোনঃ ৯৫৬৭৪১৭